কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 27 MAY 2026 ,WEDNESDAY | ২৭ মে ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-174


## সরশুনা ব্লক প্রাইমারি হাসপাতাল পরিদর্শন ও রোগী কল্যাণ সমিতির বৈঠকে ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৬ মে :** সরশুনা ব্লক প্রাইমারি হাসপাতাল পরিদর্শন ও রোগী কল্যাণ সমিতির বৈঠকে উপস্থিত ছিলেন বেহালা পশ্চিম বিধানসভা কেন্দ্রের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ ।১৫ বছর তৃণমূল সরকার এর আমলে রাজ্যের সরকারি হাসপাতাল গুলোর চিকিৎসা ব্যবস্থা তলানিতে চলেগেছিল। ২৬ শে রাজ্যের পালা বদলের পর বিজেপি সরকার সরকারি হাসপাতাল গুলোর পরিকাঠামোর উন্নয়ন এর জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মঙ্গলবার সরশুনা ব্লক প্রাইমারি হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে রোগী কল্যাণ সমিতির গুরুত্বপূর্ণ বৈঠকে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বেহালা পশ্চিমের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ। এদিন বৈঠকের পাশাপাশি হাসপাতাল পরিদর্শন করেন ডাঃ ইন্দ্রনীল খাঁ । পাশাপাশি হাসপাতালের পরিকাঠামো ব্যবস্থা ও ঘুরে দেখেন বিজেপি বিধায়ক।

## অবশেষে পুলিশের হাতে আটক বিডিও প্রশান্ত বর্মন



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৬ মে :** অবশেষে পুলিশের হাতে আটক বিডিও প্রশান্ত বর্মন। জানা গেছে সোমবার রাতে মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর সময় নিউটাউনে এক পথচারীকে গাড়ি দিয়ে ধাক্কা মেরে জখম করেন। ধাক্কা মেরে বিডিও গাড়ি নিয়ে পালিয়ে যাচ্ছিলেন, স্থানীয়রা তাকে আটক করে। স্থানীয়রা আটক করার পর অভিযুক্ত স্থানীয়দের সাথে চোটপাট শুরু করেন।উল্লেখ্য উক্ত প্রশান্ত বর্মন জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের বিডিও পদে কর্মরত ছিলেন ও সেই সময় কলকাতা নিউটাউনের স্বর্ন ব্যবসায়ী প্রশান্ত কামিল্যাকে খুন ও লাশ গুমের অভিযোগ উঠে তার বিরুদ্ধে। এরপর থেকেই প্রশান্ত বর্মন পলাতক। পুলিশ তাকে ধরতে পারছিলনা। এদিন গাড়ি দূর্ঘটনা ঘটানোর পর স্থানীয়রা তাকে আটক করে ও পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ অভিযুক্ত প্রশান্ত বর্মনকে আটক করে ইকো পার্ক থানায় নিয়ে নিয়ে যায়। জানা গেছে পুলিশ তার আইনী পদক্ষেপ গ্রহন করবে।

## দেশের সুবিধে গুলি দেশের লোকেদের জন্য ,অনুপ্রবেশ প্রসঙ্গে কড়া বার্তা মন্ত্রী অগ্নিমিত্রা পালের



**এই যুগ ,কলকাতা ,২৬ মে :** রাজ্যে অনুপ্রবেশ সমস্যা মেটাতে তৎপর রাজ্যের বিজেপি সরকার। অনুপ্রবেশকারীদের পশ্চিমবঙ্গে যে কোনো রকম ভাবেই জায়গা হবে না সেটা বিজেপি সরকার বুঝিয়ে দিয়েছে। মঙ্গলবার রাজ্যের নারী ও শিশু কল্যাণ ও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল অনুপ্রবেশ প্রসঙ্গে কড়া ভাষায় তিনি বুঝিয়ে দিয়েছেন রাজ্যের বিজেপি সরকার এই অনুপ্রবেশ কারীদের পশ্চিমবঙ্গে থাকতে দেবে না। অগ্নিমিত্রা পাল বলেন দেশের সুবিধে গুলি দেশের লোকেদের জন্য , যারা এত দিন চুরি করেছে , তাদের এখন বাড়ি ফিরে যেতেই হবে । নিজেরা নিজেরা নিজেদের দেশে ফিরে গেলে ভালো নইলে আমাদের ফেরত পাঠানোর ব্যবস্থা করতে হবে।মন্ত্রী এও বলেন জেল এ এদের রাখলে সরকার এর বেকার খরচ এদের পিছনে । প্রসঙ্গত , ১৫ বছর ধরে তৃণমূল সরকার অনুপ্রবেশ রুখতে কোনো রকম ব্যবস্থা গ্রহণ করেনি ,বিএসএফ কে জমি পর্যন্তও দেয়নি কাঁটাতারের জন্য। নানান সমস্যার সম্মুখীন হতে হয়েছে সীমানা পার্শ্ববর্তী গ্রামের মানুষদের। রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ২৭ কিলোমিটার জমি তুলে দিয়েছেন বিএসএফ এর হাতে।

## বেহালায় ডেঙ্গু সংক্রমণ মোকাবিলায় কলকাতা পৌরসভার ভেক্টর কন্ট্রোল টিমের সঙ্গে এলাকা পরিদর্শনে ডাঃ ইন্দ্রনীল খাঁ



**এই যুগ ,কলকাতা ,২৬ মে :** আসন্ন বর্ষাকালের কথা মাথায় রেখে বেহালায় ডেঙ্গু সংক্রমণ মোকাবিলায় মঙ্গলবার কলকাতা পৌরসভার ভেক্টর কন্ট্রোল টিমের সঙ্গে এলাকা পরিদর্শন করলেন ভারতীয় জনতা যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বেহালা পশ্চিমের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ ।এদিন কিভাবে বেহালাবাসী দের ডেঙ্গুর হাত থেকে সুরক্ষায় রাখা যায় সে বিষয়েও পৌরসভার ভেক্টর কন্ট্রোল টিমের সঙ্গে আলোচনা হয় বেহালা পশ্চিমের বিধায়ক এর।

# আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপারের উদ্যোগে কৃতিদের সংবর্ধনা অনুষ্ঠান




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে কুমারগ্রাম বিধানসভার বিধায়ক মনোজ কুমার ওরাও এর উপস্থিতিতে এবারের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী মেধাবী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জানাল আলিপুরদুয়ার জেলা পুলিশ। মঙ্গলবার আলিপুরদুয়ার পৌরসভার হলঘরে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে জেলার কৃতি ও মেধাবী পড়ুয়াদের সম্মানিত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার অমিত কুমার সাউ সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও।জানা গিয়েছে, এবারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জেলার মোট ২৭ জন ছাত্র-ছাত্রী উল্লেখযোগ্য ফলাফল করেছে। কেউ জেলার মধ্যে কৃতিত্ব অর্জন করেছে, আবার কেউ রাজ্যস্তরেও ভালো স্থান পেয়েছে। সেই সকল মেধাবী ছাত্র-ছাত্রীদের উৎসাহ ও সম্মান জানাতেই এই উদ্যোগ নেয় জেলা পুলিশ।অনুষ্ঠানে পাঁচজন কৃতি পড়ুয়াকে ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তাও প্রদান করা হয়। পুলিশ সুপার অমিত কুমার সাউ বলেন, “সব সময় বড় স্বপ্ন দেখতে হবে। ছোট স্বপ্ন দেখলে চলবে না। বাবা-মায়েরা যে কষ্ট করে সন্তানদের মানুষ করছেন, ভবিষ্যতে সেই কষ্ট যাতে তোমাদের করতে না হয়, সেই লক্ষ্য নিয়েই এগোতে হবে। শিক্ষার মাধ্যমেই জীবনে সাফল্য অর্জন সম্ভব।” জেলা পুলিশের এই উদ্যোগে খুশি ছাত্র-ছাত্রীদের পাশাপাশি অভিভাবকরাও।

# জয়গাঁয় পুলিশের অভিযানে বাজেয়াপ্ত নেশার ক্যাপসুল ও নগদ টাকা ,গ্রেফতার ২




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মে :** মাদকবিরোধী অভিযানে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করল জয়গাঁ থানার পুলিশ। নেশার ক্যাপসুল সহ গ্রেফতার করা হয়েছে ২ জনকে। গোপন সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে জয়গাঁ থানার পুলিশ জয়গাঁর লিঙ্ক রোড এলাকায় একটি ছোট গাড়ি আটক করে। তল্লাশি চালিয়ে উক্ত গাড়ি থেকে ১৩২৮টি নেশার ক্যাপসুল এবং নগদ ১৪ হাজার ৩০০ টাকা বাজেয়াপ্ত করে পুলিশ। গ্রেফতার করা হয় গড়িতে থাকা দু'জনকে। অভিযুক্তদের বিরুদ্ধে এনডিপিএস আইনে মামলা রুজু করেছে পুলিশ। মাদকের রমরমা রুখতে লাগাতার এই ধরনের অভিযান চলবে বলে জয়গাঁ থানার পুলিশ জানিয়েছে।

# গাছ কাটার তদন্তের নির্দেশ বিধায়কের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মে :** পরিবেশ প্রেমী সংগঠন থেকে শুরু করে স্কুলের ছাত্র-ছাত্রী শিক্ষক শিক্ষিকারা স্লোগান তোলেন গাছ লাগান দেশ বাঁচান। একটি গাছ একটি প্রাণ ।আর ঠিক সেই সময়ে আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক ক্যাম্পাসের ৪ টি মেহগনি গাছ বিক্রি করে দেওয়া হয়। আলিপুরদুয়ার দুই ব্লকে সমষ্টি উন্নয়ন আধিকারিকের বদলি হয়ে গেছে রাজ্যে সরকারের বদলি হয়ে গেছে। এবার গাছ কাটা নিয়ে তদন্তের নির্দেশ দিলেন কমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের বর্তমান সমষ্টি উন্নয়ন আধিকারিক কে। প্রশাসনিক ক্ষমতায় থেকে গাছ বিক্রি করে দেওয়া হয়েছে বনদপ্তরের কোনরকম অনুমতি ছাড়াই। গাছ কাটার পর তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে অভিযোগ দায়ের করা হয়েছিল অভিযোগের পরিপ্রেক্ষিতে বনদপ্তরের কর্মীরা কাটা গাছগুলি উদ্ধার করে রেঞ্জ অফিসে নিয়ে যায় কিন্তু গাছ কাটা নিয়ে কোন ব্যবস্থা নেওয়া হয়নি প্রশাসনিক কর্তার বিরুদ্ধে। সরকারের পরিবর্তন হওয়ার পরেই এবার আবার তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তদন্তের রিপোর্ট কি আসে সেটাই দেখার বিষয়। দেখার বিষয় তদন্ত রিপোর্ট আসার পর প্রকৃত দোষী ব্যক্তির বিরুদ্ধে বর্তমানে সরকার কি ব্যবস্থা গ্রহণ করে।

# শৃঙ্খলা ও নিয়মিত শরীরচর্চায় কোচবিহার জেলা পুলিশ



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৬ মে :** শৃঙ্খলা ও নিয়মিত শরীরচর্চায় অনন্য নজির স্থাপন করছে কোচবিহার জেলা পুলিশ। ভোরবেলা থেকেই স্থানীয় পুলিশ লাইন মাঠে শুরু হয় তাদের কঠোর অনুশীলন। সেখানে চলে PT, দৌড়, PT ও শরীরচর্চার বিভিন্ন অনুশীলন।নিয়মিত এই পশরীর চর্চার মাধ্যমে পুলিশ সদস্যরা নিজেদের শারীরিক সক্ষমতা যেমন বাড়াচ্ছেন, তেমনই আরও বেশী মানসিক দৃঢ়তাও তৈরি করছেন। এর ফলে যে কোনো পরিস্থিতিতে যাতে দ্রুত ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করা যায় তার আগাম প্রস্তুতি নিয়মিত গঠন হচ্ছে।

# গ্রাম পঞ্চায়েত প্রধান ও উপপ্রধানের নামে থানায় অভিযোগ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মে :** মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান কে আটকে রেখে বিক্ষোভ দেখালেন বিজেপির পঞ্চায়েত সদস্যরা। বিরোধী দলনেতাকে বাদ দিয়েই অন্যান্য পঞ্চায়েত সদস্যরা গ্রাম পঞ্চায়েত প্রধানের কাছে বিভিন্ন বিষয় নিয়ে হিসাব চেয়েছিলেন। সঠিক হিসাব দিতে না পারার দরুন রাত সাতটা পর্যন্ত তাকে আটকে রেখে শেষ পর্যন্ত পুলিশ এসে আলোচনার ভিত্তিতে প্রধানকে ছাড়া হয়। এদিকে রাত দশটা নাগাদ মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং উপপ্রধানের নামে গ্রাম পঞ্চায়েত দপ্তর থেকে ফাইল লোপাটের অভিযোগ এনে শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ দায়ের করলেন বিজেপির নেতা চিন্ময় ভৌমিক। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে রাতেই তদন্ত শুরু করেছে।

# সিএসপি কর্মীর বিরুদ্ধে আলিপুরদুয়ার থানায় অভিযোগ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মে :** সিএসপির দায়িত্বে থাকা কর্মী রূপমায়া রায়ের বিরুদ্ধে অভিযোগ দায়ের করলেন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা আলিপুরদুয়ার থানায়। গত সোমবার ওই মহিলাকে আটকে রেখে বিক্ষোভ দেখিয়েছিলেন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা পরবর্তীতে পুলিশ এসে থাকে উদ্ধার করে নিয়ে যায়। স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের কাছ থেকে কয়েক বছর ধরে প্রতারণা করে টাকা নিচ্ছেন রূপমায়া এমনটাই অভিযোগ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |